রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৪, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৯ কার্তিক, ১৪২৫ মোতাবেক ২৪ অক্টোবর, ২০১৮

নিম্নলিখিত বিলটি ০৯ কার্তিক, ১৪২৫ মোতাবেক ২৪ অক্টোবর, ২০১৮ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৫৫/২০১৮

# Technical Education Act, 1967 রহিতক্রমে যুগোপযোগী করিয়া নূতনভাবে প্রণয়নকল্পে আনীত বিল

যেহেতু Technical Education Act, 1967 (Act No. 1 of 1967) রহিতক্রমে যুগোপযোগী করিয়া নূতনভাবে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



**মূল্যঃ** টাকা ২৪.০০

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (Technical and Vocational Education and Training)" অর্থ তফসিল ১ এ উল্লিখিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ;

(২) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৩) "জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical and Vocational Qualification Farmework)" অর্থ তফসিল ২ এ উল্লিখিত জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো;

(৪) "জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ" অর্থ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৫ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ;

(৫) "তহবিল" অর্থ ধারা ১৭ এর অধীন গঠিত তহবিল;

(৬) "তফসিল" অর্থ এই আইনের কোনো তফসিল;

(৭) "পরিচালনা পর্ষদ" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বোর্ডের পরিচালনা পর্ষদ;

(৮) "পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning)" অর্থ প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিকভাবে অর্জিত কোনো শিক্ষা, দক্ষতা বা জ্ঞানের পূর্ববর্তী শিখন স্বীকৃতি;

(৯) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(১০) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১১) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;

(১২) "সচিব" অর্থ বোর্ডের সচিব; এবং

(১৩) "সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন (Competency Based Training and Assessment)" অর্থ জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো অর্জনের জন্য গৃহীত প্রশিক্ষণ ও মূল্যায়ন।

## দ্বিতীয় অধ্যায়

## বোর্ড প্রতিষ্ঠা, ইত্যাদি

৩। **বোর্ড প্রতিষ্ঠা।**—(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠিত হইবে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইন ও তদধীন প্রণীত বিধি-বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ড উহার স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **বোর্ডের কার্যালয়।**—বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং বোর্ড প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক ও শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **পরিচালনা ও প্রশাসন।**—বোর্ডের পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং বোর্ড যেসকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা পর্ষদও সেইসকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৬। **পরিচালনা পর্ষদ।**—(১) নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠিত হইবে, যথা:—

(ক) চেয়ারম্যান, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(ঘ) কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ঙ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(চ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ছ) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(জ) বস্ত্র অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ঝ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ঞ) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র কর্তৃক মনোনীত উহার পরিচালক পদমর্যাদার একজন কর্মচারী;

(ট) ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উহার একজন অধ্যাপক;

(ঠ) ভাইস চ্যান্সেলর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উহার একজন অধ্যাপক;

(ড) অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা;

(ঢ) সরকার কর্তৃক মনোনীত সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের একজন অধ্যক্ষ;

(ণ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি;

(ত) সরকার কর্তৃক মনোনীত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একজন অধ্যক্ষ;

(থ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত শিল্প দক্ষতা পরিষদ এর একজন প্রতিনিধি;

(দ) বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন কর্তৃক মনোনীত নির্বাহী সদস্য পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ধ) সরকার কর্তৃক মনোনীত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার বিশেষজ্ঞ পর্যায়ের ৩ (তিন) জন প্রতিনিধি, তন্মধ্যে একজন হইবেন মহিলা; এবং

(ন) সচিব, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ঢ), (ত) ও (ধ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য সদস্য পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, কোনো মনোনীত সদস্যের মেয়াদ শেষ হইবার পূর্বে তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, কোনো মনোনীত সদস্য যে কোনো সময় চেয়ারম্যানকে উদ্দেশ্য করিয়া তাহার স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৭। **পরিচালনা পর্ষদের সভা।**—(১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, পরিচালনা পর্ষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিচালনা পর্ষদের সভা উহার চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হইবে, তবে জরুরি প্রয়োজনে পরিচালনা পর্ষদ সভা আহ্বান করিতে পারিবে।

(৪) চেয়ারম্যান পরিচালনা পর্ষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) পরিচালনা পর্ষদের সভায় কোরামের জন্য অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৬) পরিচালনা পর্ষদের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় ও নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে পরিচালনা পর্ষদের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৮। **বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি।**—বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পরিচালনা, স্বীকৃতি ও নিয়ন্ত্রণ;

(খ) এই আইনের পরিধিভুক্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কোর্স নির্ধারণ এবং উক্ত কোর্সসমূহের জন্য পাঠ্যক্রম প্রস্তুত ও কারিকুলাম প্রণয়ন;

(গ) বোর্ড কর্তৃক প্রণীত কারিকুলাম অনুযায়ী পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ তৈরী;

(ঘ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পরীক্ষা গ্রহণ, সক্ষমতা যাচাই, ফি নির্ধারণ, ফল প্রকাশ এবং সনদ প্রদান;

(ঙ) বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি এবং আন্তঃপ্রতিষ্ঠান শিক্ষার্থী বদলি সংক্রান্ত নীতিমালা প্রণয়ন;

(চ) বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন, তদারকি ও পরিবীক্ষণ;

(ছ) এই আইনের পরিধিভুক্ত পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান;

(জ) বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ;

(ঝ) শিল্প দক্ষতা পরিষদের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের চাহিদা সংক্রান্ত তথ্য সংগ্রহ;

(ঞ) শিল্প দক্ষতা পরিষদের সহযোগিতায় সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পাঠ্যক্রম প্রস্তুত করা;

(ট) জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো এর আওতায় যোগ্যতা মানদণ্ড নির্ধারণ;

(ঠ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে বৃত্তি, পদক বা পুরস্কার প্রদান;

(ড) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো সংস্থার সহিত চুক্তি সম্পাদন:

তবে শর্ত থাকে যে, বিদেশী কোনো সংস্থার সহিত চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে; এবং

(ঢ) সরকার কর্তৃক নির্দেশিত অন্য কোনো দায়িত্ব পালন।

৯। **কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ স্বীকৃতি প্রদান, ইত্যাদি।**—(১) বোর্ড কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ স্বীকৃতি প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, বিদেশে অবস্থিত কোনো প্রতিষ্ঠান কর্তৃক এই আইনের আওতাভুক্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত স্বীকৃতি প্রদানের পদ্ধতি, ফি, স্বীকৃতি স্থগিত বা বাতিল, স্বীকৃতি স্থগিত বা বাতিলের বিরুদ্ধে আপিল এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১০। **পরিদর্শন।**—(১) বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী কোনো প্রতিষ্ঠান অথবা তদ্‌কর্তৃক পরিচালিত কোনো পরীক্ষা বা সক্ষমতা যাচাই পরিদর্শন করিতে পারিবেন।

(২) পরিদর্শনকারী ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন পরিচালিত পরিদর্শন প্রতিবেদন বোর্ডকে অবহিত করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন পরিদর্শন প্রতিবেদনের প্রেক্ষিতে বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। **জবাবদিহিতা।**—(১) বোর্ড উহার কার্যাবলির জন্য সরকারের নিকট দায়ী থাকিবে।

(২) বোর্ড সংশ্লিষ্ট যে কোনো বিষয়ে পরিদর্শন বা তদন্ত করিবার ক্ষমতা সরকারের থাকিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন অনুষ্ঠিত পরিদর্শন বা তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সরকার বোর্ডকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবে এবং উক্তরূপে কোনো নির্দেশনা প্রদান করা হইলে বোর্ড উহা প্রতিপালন করিবে।

(৪) সরকার, জনস্বার্থে, লিখিত আদেশ দ্বারা বোর্ডের কোনো কার্যক্রম বা কমিটি বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে, এইরূপ আদেশ প্রদানের পূর্বে সরকার, কেন উক্ত আদেশ প্রদান করা হইবে না, সেই মর্মে কারণ দর্শাইবার জন্য চেয়ারম্যানের মাধ্যমে বোর্ড বা সংশ্লিষ্ট কমিটিকে তলব করিবেন।

১২। **চেয়ারম্যান নিয়োগ এবং তাহার ক্ষমতা ও দায়িত্ব।**—(১) বোর্ডের একজন চেয়ারম্যান থাকিবেন।

(২) চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরির মেয়াদ ও শর্তাবলি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের প্রধান নির্বাহী হইবেন এবং তিনি-

(ক) বোর্ডের কার্যাবলি ও সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন;

(খ) বোর্ডের হিসাব সংরক্ষণ, হিসাব বিবরণী প্রণয়ন ও হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবেন; এবং

(ঘ) সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

(৪) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, চেয়ারম্যান জরুরী প্রয়োজনে, যে কোনো কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপে গৃহীত কার্যক্রম অনুমোদনের জন্য তৎপরবর্তীতে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের প্রথম সভায় উপস্থাপন করিতে হইবে।

(৫) চেয়ারম্যান, বোর্ডের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য, প্রয়োজনে, দৈনিক মজুরির ভিত্তিতে অস্থায়ীভাবে বোর্ড কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য শ্রমিক নিয়োগ করিতে পারিবে।

(৬) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে চেয়ারম্যান তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্যপদে নবনিযুক্ত চেয়ারম্যান তাহার পদে যোগদান না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনের সমর্থ না হওয়া পর্যন্ত, সরকার কর্তৃক মনোনীত কোনো ব্যক্তি সাময়িকভাবে চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

১৩। **সচিব।**—(১) বোর্ডের একজন সচিব থাকিবেন, যিনি অন্যূন সরকারের উপসচিব পদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে প্রেষণে নিযুক্ত হইবেন।

(২) সচিব বোর্ডের সার্বক্ষণিক কর্মচারী হইবেন এবং তিনি চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী পরিচালনা পর্ষদের সভার তারিখ, সময় এবং আলোচ্যসূচি নির্ধারণ, সভার কার্যবিবরণী প্রস্তুত, বোর্ড কর্তৃক সম্পাদিত কার্যাবলি বিবরণ ও সংশ্লিষ্ট নথি সংরক্ষণ এবং বোর্ড কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন ও কার্য সম্পাদন করিবেন।

১৪। **কর্মচারী নিয়োগ, ইত্যাদি।**—(১) বোর্ড উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) কর্মচারীদের নিয়োগ ও চাকুরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৫। **কমিটি গঠন।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড প্রয়োজনীয় সংখ্যক কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, বোর্ডের নিম্নবর্ণিত কমিটি থাকিবে, যথা:—

(ক) ডিপ্লোমা কোর্সেস অব স্টাডি কমিটি;

(খ) সার্টিফিকেট কোর্সেস অব স্টাডি কমিটি;

(গ) অর্থ কমিটি;

(ঘ) রেগুলেশন কমিটি;

(ঙ) সিলেকশন কমিটি;

(চ) আপিল ও সালিশ কমিটি;

(ছ) পরীক্ষা অথবা সক্ষমতা যাচাই কমিটি;

(জ) বয়স শুদ্ধকরণ কমিটি;

(ঝ) সমতুল্যতা প্রোগ্রাম কমিটি;

(ঞ) স্বীকৃতি অথবা অ্যাক্রিডিটেশন কমিটি;

(ট) ইকুইটি উপদেষ্টা কমিটি;

(ঠ) শৃঙ্খলা কমিটি; এবং

(ড) গবেষণা কমিটি।

(২) উপ-ধারা (১) ও (২) এর অধীন গঠিত কমিটির দায়িত্ব ও কার্যাবলি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

১৬। **পরামর্শক নিয়োগ।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিশেষ জ্ঞান ও দক্ষতার প্রয়োজন হয় এইরূপ কোনো কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য, বোর্ড, প্রয়োজনে, পরামর্শক বা বিশেষজ্ঞ নিয়োগ করিতে পারিবে।

(২) বিশেষজ্ঞ ও পরামর্শকের দায়িত্ব ও তাহাদের নিয়োগের শর্তাবলি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

## তৃতীয় অধ্যায়

## আর্থিক বিষয়াবলি

১৭। **তহবিল।**—(১) বোর্ডের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে, যথা:—

(ক) সরকারের নিকট হইতে প্রাপ্ত অনুদান;

(খ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দান;

(গ) এই আইনের অধীন ফি বাবদ প্রাপ্ত অর্থ;

(ঘ) বিনিয়োগ হইতে অর্জিত আয়;

(ঙ) ব্যাংকে গচ্ছিত অর্থ হইতে প্রাপ্ত সুদ; এবং

(চ) অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) তহবিলের অর্থ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোনো তফসিলি ব্যাংকে বোর্ডের নামে জমা রাখিতে হইবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

(৩) এই আইনের অধীন বোর্ডের কার্যাবলি সম্পাদন এবং চেয়ারম্যান, সচিবসহ কর্মচারীদের বেতন, ভাতা ও আনুষঙ্গিক সকল ব্যয় তহবিল হইতে নির্বাহ করা হইবে।

**ব্যাখ্যা।**—এই ধারায় উল্লিখিত "তফসিলি ব্যাংক" অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. 127 of 1972)-এর Articale (2)(j)-তে সংজ্ঞায়িত Scheduled Bank।

১৮। **বাজেট।**—বোর্ড, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, প্রতি অর্থ বৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় এবং উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কী পরিমাণ অর্থ প্রয়োজন হইবে উহা উল্লেখ করিয়া একটি বাজেট বিবরণী সরকারের অনুমোদনের জন্য পেশ করিবে।

১৯। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা।**—(১) বোর্ড যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রত্যেক বৎসর বোর্ডের হিসাব-নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত হিসাব নিরীক্ষা প্রতিবেদনের উপর কোনো আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পত্তির জন্য বোর্ড অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-ধারা (২) এ উল্লিখিত হিসাব নিরীক্ষা ছাড়াও Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973)-এর Article 2(1) (b)-তে সংজ্ঞায়িত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট দ্বারা বোর্ডের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে বোর্ড এক বা একাধিক চার্টার্ড অ্যাকাউন্টেন্ট নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ নিয়োগকৃত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হারে পারিতোষিক প্রাপ্য হইবেন।

(৫) বোর্ডের হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি অথবা উপ-ধারা (৪) এর অধীন নিয়োগকৃত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বোর্ডের সকল রের্কড, দলিল, বার্ষিক ব্যালেন্স শিট, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার বা অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, সচিব বা কোনো কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

২০। **বার্ষিক প্রতিবেদন।**—(১) বোর্ড প্রত্যেক অর্থ বৎসর শেষে ৩১ জুলাই এর মধ্যে উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, প্রয়োজনে, বোর্ডের নিকট হইতে যে কোনো সময় যে কোনো বিবরণী, হিসাব, পরিসংখ্যান এবং বোর্ডের নিয়ন্ত্রণাধীন যে কোনো বিষয় সম্পর্কিত তথ্য বা উক্তরূপ যে কোনো বিষয় সম্পর্কিত প্রতিবেদন যাচনা করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

## চতুর্থ অধ্যায়

## চাকুরির শর্তাবলি ও আচরণবিধি

২১। **কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের শিক্ষক ও প্রশিক্ষকগণের চাকুরির সাধারণ শর্তাবলি।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও প্রশিক্ষকগণের চাকুরির শর্তাবলি ও আচরণবিধি সম্পর্কে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

## পঞ্চম অধ্যায়

## বিবিধ

২২। **জনসেবক।**—চেয়ারম্যান, সচিব এবং বোর্ডের কর্মচারিগণ Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর Section 21 এ সংজ্ঞায়িত অর্থে জনসেবক (public servant) বলিয়া গণ্য হইবেন।

২৩। **অবসর গ্রহণের বয়স।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নরূপ যাহা কিছুই থাকুন কেন, বোর্ডের স্থায়ী কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স হইবে ৬০ (ষাট) বৎসর।

২৪। **ক্ষমতা অর্পণ।**—বোর্ড, প্রয়োজনে, লিখিতভাবে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, উক্ত আদেশে বর্ণিত শর্ত সাপেক্ষে, যদি থাকে, এই আইনের অধীন উহার কোনো ক্ষমতা চেয়ারম্যান, সচিব বা কোনো কর্মচারীকে অর্পণ করিতে পারিবে।

২৫। **কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কোর্সের ধরন, মেয়াদ, মান ও যোগ্যতা সনদ নির্ধারণ।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কোর্সের ধরন, মেয়াদ, মান ও যোগ্যতা সনদ তফসিল ১ অনুযায়ী হইবে।

২৬। **তফসিল সংশোধনের ক্ষমতা।**—সরকার, বোর্ডের সুপারিশক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

২৭। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৮। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন ও তদধীন প্রণীত বিধির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষ করিয়া এবং উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, বোর্ড, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নবর্ণিত সকল বা যে কোনো বিষয়ে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে; যথা:—

(ক) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পরীক্ষা ও সক্ষমতা যাচাই এ অংশগ্রহণের যোগ্যতা নির্ধারণ, সনদ প্রদান ও প্রত্যাহার;

(খ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পরীক্ষা ও সক্ষমতা যাচাই এর ফি নির্ধারণ;

(গ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পাঠ্যক্রম ও কোর্স প্রণয়ন;

(ঘ) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের পদ্ধতি;

(ঙ) বোর্ডের সকল পরীক্ষা ও সক্ষমতা যাচাই পরিচালনা;

(চ) বোর্ডের কর্মচারীগণের ক্ষমতা ও দায়িত্ব;

(ছ) বোর্ড ও কমিটির সভা পরিচালনা;

(জ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের পরিচালনা সংক্রান্ত বিধি-বিধান;

(ঝ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের শিক্ষক ও প্রশিক্ষকগণের চাকুরির শর্তাবলি ও আচরণবিধি;

(ঞ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, প্রশিক্ষক ও ব্যবস্থাপনা বোর্ডের মধ্যকার বিরোধ মীমাংসা সংক্রান্ত বিধান;

(ট) পরিদর্শন পদ্ধতি ও ধরন;

(ঠ) বোর্ডের কর্মচাররীগণের চাকুরি প্রবিধান; এবং

(ড) বোর্ড ও কমিটির সভায় যোগদানের জন্য সদস্যগণের ভ্রমণভাতা ও সম্মানি।

২৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Technical Education Act, 1967 (Act No.1of 1967), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও—

(ক) এই আইনের অধীন পরিচালনা পর্ষদ গঠিত না হওয়া পর্যন্ত উক্ত Act এর অধীন গঠিত Board, অতঃপর উক্ত Board বলিয়া উল্লিখিত, এই আইনের অধীন গঠিত পরিচালনা পর্ষদ বলিয়া গণ্য হইবে;

(খ) উক্ত Act এর অধীন কৃত কোনো কাজ, প্রণীত কোনো বিধি বা প্রবিধান, প্রদত্ত কোনো স্বীকৃতি বা সার্টিফিকেট, ইস্যুকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা নোটিশ, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত, প্রণীত, প্রদত্ত, ইস্যুকৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উক্ত Act রহিত হইবার সঙ্গে সঙ্গে উক্ত Act এর অধীন প্রতিষ্ঠিত Board এর—

(ক) সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ অর্থ এবং ব্যাংকে গচ্ছিত অর্থ ও তহবিল, অর্থের বিনিয়োগ, অন্য সকল দাবি বা অধিকার, প্রাপ্ত সুবিধাদি, এইরূপ বিষয় সম্পত্তির অন্তর্ভুক্ত বা উহা হইতে উদ্ভূত যাবতীয় অধিকার, মেধাস্বত্ব ও স্বার্থ এবং সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ডপত্র এবং এতদ্‌সংক্রান্ত অন্য সকল দলিল-দস্তাবেজ বোর্ডের উপর ন্যস্ত ও স্থানান্তরিত হইবে;

(খ) সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত চুক্তি, বোর্ডের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;

(গ) সকল কর্মচারী বোর্ডের কর্মচারী হইবেন এবং এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে তাহারা যে শর্তাধীনে চাকুরিতে নিয়োজিত ছিলেন, এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে নিয়োজিত থাকিবেন;

(ঘ) বিরুদ্ধে বা তদ্‌কর্তৃক দায়েরকৃত কোনো মামলা বা আইনগত কার্যধারা বোর্ডের বিরুদ্ধে বা তদ্‌কর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে।

৩০। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## তপশিল ১

## [ধারা ২ (১) ও ২৫ দ্রষ্টব্য]

## কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কোর্সের তালিকা

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা / কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| ১. | প্রকৌশল এবং প্রযুক্তি ও ব্যবস্থাপনার বিভিন্ন ক্ষেত্রে ডিপ্লোমা পর্যায়ের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ নিম্নরূপ, যথা :—<br>(ক) **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং**<br>সিভিল, সিভিল(উড), কন্সট্রাকশন, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, মেকাট্রনিক্স, পাওয়ার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেকট্রোমেডিক্যাল, ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, কেমিক্যাল, ফুড, আর্কিটেকচার, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন, কম্পিউটার, কম্পিউটার সায়েন্স, ডাটাটেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং, এনভায়রনমেন্টাল, মাইনিং এন্ড মাইন সার্ভে, গ্লাস, সিরামিক, মেরিন, শীপবিল্ডিং, এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভোয়েনিক্স), গ্রাফিক ডিজাইন, প্রিন্টিং, ফুটওয়্যার, লেদার, লেদার প্রোডাক্ট অ্যান্ড অ্যাক্সেসরিজ, সার্ভেয়িংসহ অনুরূপ কোর্স;<br>**(খ) ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং**<br>গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং, টেক্সটাইল টেকনোলজি (মেনুফেকচারিং, ফেব্রিক্স, ওয়েট প্রসেসিং, ক্লোদিং), জুট টেকনোজিসহ অনুরূপ কোর্স;<br>(গ) **ডিপ্লোমা ইন এগ্রিকালচার**<br>(ঘ) **ডিপ্লোমা ইন ফিসারিজ**<br>(ঙ) **ডিপ্লোমা ইন ফরেস্ট্রি**<br>(চ) **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং নেভাল**<br>নেভাল ইলেকট্রিক্যাল, নেভাল ইলেকট্রনিক্স, মেরিন মেকানিক্যাল, শীপবিল্ডিং অ্যান্ড হাল<br>(ছ) **ডিপ্লোমা ইন লাইভস্টক**<br>(জ) **ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি**<br>(ঝ) **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি)**<br>কন্সট্রাকশন, টেলিকমিউনিকেশন, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সার্ভেয়িংসহ অনুরূপ কোর্স;<br>(ঞ) **ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি**<br>ডেন্টাল,ফিজিওথ্যারাপি,ইন্টিগ্রেটেড মেডিক্যাল, ফার্মাসি, নার্সিং, রেডিওলজি এন্ড ইমেজিং, ল্যাবরেটরি মেডিক্যাল (প্যাথলজি), অপটিক্যাল রিফ্রাকশনসহ অনুরূপ কোর্স; | চার বৎসর | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সংশ্লিষ্ট প্রকৌশল, প্রযুক্তিতে ডিপ্লোমা |

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা /কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| ২. | মাধ্যমিকোত্তর সার্টিফিকেট পর্যায়ের কোর্স যথাঃ- সার্ভেয়িং, ডিপ্লোমা ইন ফিসারিজ (ইন সার্ভিস)/ ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ( ইন সার্ভিস) | তিন বৎসর | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সার্ভে ফাইনাল সার্টিফিকেট<br>**ডিপ্লোমা ইন** ফিসারি**জ/ ফরেস্ট্রি (ইন সার্ভিস) সার্টিফিকেট** |
| ৩. | বিজনেস ম্যানেজমেন্ট, বৃত্তিমূলক পর্যায়ে সীমাবদ্ধ না রেখে এইচ.এস.সি. বা সমপর্যায়ের কোর্স যথাঃ-<br>(ক) কম্পিউটার অপারেশন, মানবসম্পদ ব্যবস্থাপনা, একাউন্টিং, ব্যাংকিং এন্ড এন্টারপ্রিনিউরশিপ;<br>(খ) ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, ক্লোদিং এন্ড গার্মেন্টস ফিনিশিং, এগ্রো-মেশিনারি, কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স, ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন্স, অটোমোবাইল, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন, ফিস কালচার এন্ড ব্রিডিং, বিল্ডিং কন্সট্রাকশন এন্ড মেইনটেন্যান্স, পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং, মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স, উড এন্ড ডিজাইন এবং ড্রাফটিং এন্ড সিভিলসহ অনুরূপ কোর্স | (ক) দুই বৎসর<br>(খ) দুই বৎসর | (ক) এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) এস.এস.সি. (ভোক)/দাখিল (ভোক) পরীক্ষায় উত্তীর্ণ | (ক)এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট)/ ডিপ্লোমা ইন কমার্স<br>(খ)এইচএসসি (ভোকেশনাল) |
| ৪. | মাধ্যমিকোত্তর পর্যায়ের সার্টিফিকেট কোর্স নিম্নরূপ, যথা :—<br>(ক) ল্যাবরোটরি, রেডিওলোজি এন্ড ইমেজিং ফার্মাসি, ডেন্টাল, ফিজিওথ্যারাপি, পেশেন্ট কেয়ার/নার্সিং, ইন্টিগ্রেটেড মেডিসিন এন্ড প্যারামেডিকেলসহ অনুরূপ কোর্স;<br>(খ) এনিম্যাল হেলথ অ্যান্ড প্রোডাকশন, পোল্ট্রি ফার্মিং;<br>(গ) অটোমোবাইল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, রেফ্রিজারেশন এন্ড ওয়েল্ডিং (ইন্ডাস্ট্রিয়াল ফ্যাসালিটিস), সিভিল কন্সট্রাকশন, এগ্রিকালচার, এনিম্যাল হেলথ্ এন্ড প্রোডাকশন, ফিসারিজ, ফরেস্ট্রি, লেদার, গ্রাফিক্স এন্ড প্রিন্টিং, গ্লাস এন্ড সিরামিক, আরএমজি, আইসিটিসহ অনুরূপ কোর্স;<br>(ঘ) ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ডসহ সমমানের কোর্স; | এক বৎসর | (ক-গ) এস.এস.সি. বা সমপর্যায়ে পরীক্ষায় উত্তীর্ণ<br>(ঘ) এম.বি.বি.এস. বা সমমান | (ক-গ) সার্টিফিকেট ইন (ব্রাঞ্চ) স্পেশালাইজেশন<br>(ঘ) সার্টিফিকেট |

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা /কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| ৫. | শিক্ষার সকল ধারা ও স্তরের আনুষ্ঠানিক কোর্সের সনদপ্রাপ্তদের জন্য যে কোন বিষয়ে ও যে কোন মেয়াদে সার্টিফিকেট কোর্স যথা:— ফাইন আর্টস, অ্যাডভান্স কম্পিউটারসহ অনুরূপ কোর্স; | এক বৎসর | বিভিন্ন স্তরের আনুষ্ঠানিক পরীক্ষায় উত্তীর্ণ | সংশ্লিষ্ট বিষয়ে সাটিফিকেট কোর্স |
| ৬. | ডিপ্লোমাত্তোর পর্যায়ের জন্য যেকোনো বিষয়ে প্রফেশনাল ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স যথা: প্রফেশনাল ডিপ্লোমা ইন অটোমোবাইল/প্রফেশনাল সাটিফিকেট ইন অটোমোবাইলসহ অনুরূপ কোর্স; | এক বৎসর / ছয় মাস | বিভিন্ন ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ | সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ সাটিফিকেট |
| ৭. | ডিপ্লোমা পর্যায়ের বাণিজ্যক প্রশিক্ষণ কোর্স নিম্নরূপ যথাঃ- মানবসম্পদ ব্যবস্থপনা, একাউন্টিংসহ অনুরূপ কোর্স; | দুই বৎসর | এস.এস.সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ | বাণিজ্যিক প্রশিক্ষণে ডিপ্লোমা |
| ৮. | (ক) পলিটেকনিক, টেকনিক্যাল ইনস্টিটিউট এবং মনোটেকনিক-এর শিক্ষকদের জন্য ডিপ্লোমাত্তোর পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কোর্স **ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন** (সিভিল, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স, মেকানিক্যাল)<br>(খ) বাণিজ্যিক/বিএম ইনস্টিটিউটের শিক্ষকদের জন্য ডিপ্লোমাত্তোর পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কোর্স;<br>(গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের এবং শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রশিক্ষণ কোর্সসমূহ যথাঃ প্রাক শিক্ষক প্রশিক্ষণ কোর্স; | (ক) এক বৎসর<br>(খ) এক বৎসর<br>(গ) এক বৎসর | (ক) সংশ্লিষ্ট টেকনোলজি তে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি অথবা ডিপ্লোমা ইন কমার্শিয়াল ট্রেনিং এ উত্তীর্ণ<br>(গ)বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রি | (ক) কারিগরি শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট |
| ৯. | ভোকেশনাল শিক্ষকদের জন্য শিক্ষক প্রশিক্ষণ কোর্স **ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন** অটোমোটিভ, কার্পেনট্রি, ইলেকট্রিক্যাল, ফার্ম মেশিনারি, মেশিনিস্ট, রেডিও-টিভি, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ওয়েল্ডিংসহ অনুরূপ কোর্স; | এক বৎসর | সংশ্লিষ্ট টেকনোলজি তে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ | বৃত্তিমূলক শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা |

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা /কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| ১০. | ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) অথবা সমমানের কোর্সসমূহ, যথাঃ জেনারেল ইলেকট্রনিক্স, এগ্রোবেজড ফুড, অটোমোটিভ, বিল্ডিং মেইনটেন্যান্স, সিভিল কন্সট্রাকশন, কম্পিউটার এন্ড ইনফরমেশন টেকনোলজি, সিভিল ড্রাফটিং উইথ ক্যাড, মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, ড্রেস মেকিং, ফার্ম মেশিনারি, ফিস কালচার এন্ড ব্রিডিং, ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন, ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন, জেনারেল মেকানিক্স, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং, পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, ডাইং প্রিন্টিং এন্ড ফিনিসিং, গ্লাস, উড ওয়ার্কিং, সিরামিক, মেশিন টুল অপারেশন, প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং, উইভিং, শ্রীম্প কালচার এন্ড ব্রিডিং, নিটিং, আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড, পেশেন্ট কেয়ার, ফাউন্ড্রি, ডিজেল মেকানিক্স, পেইন্টিং এবং ইলেকট্রোপ্লেটিংসহ অনুরূপ কোর্স; | দুই বৎসর | মাধ্যমিক বা সমমানের প্রতিষ্ঠান হইতে জে.এস.সি./ জে.ডি.সি. পাস | এসএসসি (ভোকেশনাল/ দাখিল (ভোকেশনাল) ইন ট্রেড (শাখা) |
| ১১. | ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে/বিষয়ে বেসিক ট্রেড এন্ড ক্রাফট প্রশিক্ষণ কোর্সসমূহ, যথাঃ— অটোমেকানিক্স, আর্ক ওয়েল্ডিং, আর্ক এন্ড গ্যাস ওয়েল্ডিং, আর্মেচার ওয়াইন্ডিং, বিল্ডিং মেইনটেন্যান্স, বিল্ডিং এন্ড আর্কিটেকচারাল ড্রাফটিং, কম্পিউটার অপারেটর, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং, ইলেকট্রিক্যাল লাইন মেইনটেন্যান্স, ফার্ম মেশিনারি, ফার্নিচার এন্ড কেবিনেট মেকিং, মেশিনিষ্ট, মেইনটেনেন্স অব ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট, মেকানিক্যাল ড্রাফটিং, প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং, রেডিও এন্ড টেলিভিশন সার্ভিসিং, রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, | (ক) তিনশত ষাট ঘণ্টা (তিন থেকে ছয় মাস) | মাধ্যমিক বিদ্যালয় বা সমমানের প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি পাস বা প্রি-ভোক লেভেল ২ | সার্টিফিকেট ইন (শাখা) ট্রেড |

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা /কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| | টার্নার, ড্রেস মেকিং এন্ড টেইলরিং, মটর সাইকেল এন্ড মিশুক মেকানিক্স, অটোরিক্সা এন্ড অটো টেম্পু মেকানিক্স, ফুড প্রেসেসিং এন্ড প্রিজারভেশন, জেনারেল ইলেকট্রিশিয়ান, অটোক্যাডস্, মোবাইল ফোন সার্ভিসিং, এজ্ড়ে কেয়ার, সিকিউরিটি অপারেশন, ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন, ফুড এন্ড বেভারেজ সার্ভিসিং, ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট, হাউজ কিপিং, টেলিকমিউনিকেশন এন্ড ক্যাবেল লেয়িং, বিউটিফিকেশন, গ্রাফিক্স ডিজাইন, স্ক্রিন প্রিন্টিং, ব্লক, বাটিক এন্ড প্রিন্টিং, সুইং মেশিন অপারেশন (লেদার) লেদার গুডস্ এন্ড ফুটওয়্যারসহ অনুরূপ কোর্স; | | | |
| ১২. | (ক) কম্পিউটার প্রশিক্ষণ প্রোগ্রাম/দক্ষতা প্রশিক্ষণ কোর্সসমূহ, যথাঃ—<br>কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, প্রোগ্রামিং, গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া, কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং, ডাটাবেজ প্রোগ্রামিংসহ অনুরূপ কোর্স;<br>(খ) সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ডসহ সমমানের কোর্স। | (ক) তিনশত ষাট ঘণ্টা<br>(তিন থেকে ছয় মাস)<br>(খ) ছয় মাস | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ)এম.বি.বি. এস. বা সমমান | (ক) সার্টিফিকেট ইন (শাখা) ট্রেড<br>(খ) সার্টিফিকেট |
| ১৩. | ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে ট্রেড এবং হস্তশিল্প/ ক্র্যাফট প্রশিক্ষণ কোর্সসমূহ, যথাঃ-<br>উড ওয়ার্কিং/মেশিনিস্ট/জেনারেল মেকানিক্স/প্লাম্বিং এন্ড স্যানেটারি ওয়ার্কস/ মেশনারি এন্ড কংক্রিট/ফাউন্ড্রি/ ওয়েল্ডিং/ইলেকট্রিশিয়ান/ অটোমেকানিক্স/ডিজেল মেকানিক্স/পেইন্টিং/ ইলেকট্রোপ্লেটিং/রেডিও ইলেকট্রনিক্স/ড্রাফটিংসহ অনুরূপ কোর্স; | তিন থেকে ছয় মাস | প্রাথমিক বিদ্যালয় পরীক্ষায় উত্তীর্ণ বা প্রি-ভোক লেভেল -২ | সার্টিফিকেট |

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষানবিশি, ডিপ্লোমা /কোর্সের মেয়াদ | ভর্তির ন্যুনতম যোগ্যতা | প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট |
|---|---|---|---|---|
| ১৪. | দক্ষতা সংশ্লিষ্ট সেক্টরসমূহের বিভিন্ন পেশা (অকুপেশন) সংক্রান্ত এনটিভিকিউএফ-এর আওতায় সিবিটিএন্ডএ কোর্স যথাঃ—<br>ফুড প্রসেসিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল, প্যাকেজিং, বেকিং, গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন, কম্পিউটার অপারেশন, আইটি সাপোর্ট, প্রিন্ট মেশিন সার্ভিসিং, পিসিবি ডিজাইন, সার্ভেলেন্স সিকিউরিটি সিস্টেম, মেডিক্যাল স্ক্রাইবিং, ডিজিটাল কনটেন্ট ম্যানেজমেন্ট, প্রফেশনাল ব্যাক অফিস সার্ভিস, মেশিন অপারেটর, মেশিন মেইনটেন্যান্স, সুপারভাইজর, মটর সাইকেল সার্ভিসিং, ওয়েল্ডিং, ফিটিং,অটোমোটিভ ম্যাকানিক্স, ডাকটিং, অটো ইলেকট্রিসিটি মেইনট্র্যানেন্স , মেরিন ডিজেল ইঞ্জিন আর্টিফিচার, বিউটি কেয়ার, ব্লক বাটিক অ্যান্ড স্কিন প্রিন্টিং, টেইলরিং অ্যান্ড ড্রেস মেকিং, কেয়ার গিভিং , লেকার পলিশিং , মাস ব্রুম গ্রুইং, সুইং মেশিন অপারেশন, এপেয়ারেল স্কিন প্রিন্টিং, সুইং সুপারভাইজিং, সুইং মেশিন মেইনট্যান্স, আরএমজি ইন্ডাস্টিয়াল ইঞ্জিনিয়ারিং, এপ্যায়ারেল মার্সিনডাইজার, প্রডাকশন প্লানিং অ্যান্ড কন্ট্রোল, প্যাটান মেকিং অ্যান্ড কাটিং অপারেশন,উইভিং টেকনোলজি, মিড লেভেল সুপারভাইজিং , কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট, গার্মেন্ট ফিনিসিং, টেক্সটাইল স্পেনিং মেশিন অপারেশন, টেক্সটাইল ওয়েভিং মেশিন, অপারেশন ইলেকট্রিক্যাল ইন্সট্যালেশন অ্যান্ড মেইনট্যান্স, প্লাম্বিং, টাইলস ওয়ার্কস, পেইনটিং, রড বাইন্ডিং, ফিনিসিং কর্পেন্ট্রি, এলুমিনিয়াম ফ্রেবিকেশন, কাপেন্ট্রি, লেকার পলিশিং, আপলিশটার, উড ওয়ার্কিং মেশিন অপারেশন, আপহলিশটার, হাউজ কিপিং, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিসিং,কুকিং, ট্যুর গাইডিং, ফন্ট অফিস ম্যানেজমেন্ট, টিকেটিং অ্যান্ড রিজারভেশন, লেদ মেশিন অপারেশন, সিএনসি মেশিন অপারেশন, কনজোমার ইলেকট্রনিক্স, হিট ট্রিটমেন্ট অপারেশন, ফাউন্ডারি ওয়ার্কস , পিএলসি অপারেশন ,ফরমিং, বডি অ্যান্ড গ্লেজ প্রিপারেশন, ডেকোরেশন অ্যান্ড প্রিন্টিং, গ্লেজিং, মেশিন অপারেশন, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইন্সট্র্যালেশন অ্যান্ড মেইনট্র্যানেন্স, ইন্ডাসট্রিয়াল মেকানিক্যাল মেইনট্রানেন্স, প্যাকেজিং, শিক্ষক/প্রশিক্ষক, অ্যাসেসর, টিভিইটি ম্যানেজার/ইমপ্লিমেন্টারসহ অনুরূপ কোর্স। | কোর্সের এ্যাক্রিডিটেশন/ স্বীকৃতি ডকুমেন্টে বর্ণিত | কোর্সের এ্যাক্রিডিটেশন / স্বীকৃতি ডকুমেন্টে বর্ণিত | জাতীয় দক্ষতা সনদ (এন.এস.সি) লেভেল (১/২/৩/৪/৫/৬) |

## তপশিল ২
## [ধারা ২ (৫) দ্রষ্টব্য]

## জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো

| **স্তর (লেভেল)** | **প্রাক-বৃত্তিমূলক শিক্ষা** | **বৃত্তিমূলক শিক্ষা** | **কারিগরি শিক্ষা** | **চাকরির/ দক্ষতার শ্রেণিকরণ** |
|---|---|---|---|---|
| ৬ | | | ডিপ্লোমা প্রকৌশল বা সমমান | মধ্যম সারির ব্যবস্থাপক/ সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সমতুল্য |
| ৫ | | জাতীয় দক্ষতা সনদ- ৫ | | উচ্চ দক্ষ কর্মী / সুপারভাইজার |
| ৪ | | জাতীয় দক্ষতা সনদ- ৪ | | দক্ষ কর্মী |
| ৩ | | জাতীয় দক্ষতা সনদ- ৩ | | আধা দক্ষ কর্মী |
| ২ | | জাতীয় দক্ষতা সনদ- ২ | | মৌলিক দক্ষ কর্মী |
| ১ | | জাতীয় দক্ষতা সনদ- ১ | | মৌলিক কর্মী |
| প্রাক-বৃত্তিমূলক শিক্ষা- প্রশিক্ষণ স্তর- ২ | জাতীয় প্রাক-বৃত্তিমূলক সনদ- ২ | | | প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণার্থী |
| প্রাক-বৃত্তিমূলক শিক্ষা- প্রশিক্ষণ স্তর- ১ | জাতীয় প্রাক-বৃত্তিমূলক সনদ- ১ | | | প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণার্থী |

**উপরোক্ত কাঠামো অনুযায়ী বোর্ড প্রশিক্ষণার্থীর সক্ষমতা যাচাই ও সনদায়ন করবে।**

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

দেশে কারিগরি শিক্ষার স্বীকৃতি, পরিচালনা ও নিয়ন্ত্রণকল্পে বর্তমানে "The Technical Education Act, 1967 (Act No. 1 of 1967)" নামে একটি আইন বলবৎ আছে। বিদ্যমান আইনটি প্রকৃত অর্থে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সার্বিক পরিচালনা ও ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত। কারিগরি শিক্ষার বিকাশে অর্ধ শতাব্দীকাল পুরানো ও ইংরেজিতে লিখিত এ আইনটি সময়ের চাহিদা পূরণে যথেষ্ট নয়। দেশের সাধারণ শিক্ষা বোর্ডসমূহ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড পরিচালনার ক্ষেত্রে নিজস্ব আইন বলবৎ রয়েছে। সে আলোকে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা পুনঃসংগঠন, পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে বিদ্যমান "The Technical Education Act, 1967 (Act No. 1 of 1967)" রহিতক্রমে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' শিরোনামে নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন।

২। কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এস.এস.সি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), বি.এম. এবং ডিপ্লোমা পর্যায়ে সকল শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ এবং সম্প্রসারণ কার্যক্রমের অগ্রগতিকল্পে এবং এ বোর্ড হতে প্রাপ্ত সনদধারী শিক্ষার্থীগণ দেশ ও বিদেশে প্রযুক্তি খাতে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি ও কর্মসংস্থান সম্প্রসারণ করে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে ২০৪১ সালের সময়ের মধ্যেই দেশকে উন্নত সমৃদ্ধ দেশে রূপান্তর করার লক্ষ্যে বিদ্যমান আইন রহিতক্রমে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' অনুমোদন করা অতীব জরুরি ও যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' বিল আকারে প্রস্তাবক্রমে জাতীয় সংসদে উপস্থাপন করা হলো।

**নুরুল ইসলাম নাহিদ**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd